সহীহ সনদে বর্ণিত ১৫টি মাসনুন দুআ

এখানে সহীহ বা হাসান সনদে বর্ণিত ১৫টে মাসনূন দুআ উল্লেখ করেছি। জীবনের যা কিছু চাওয়ার সবই এ সকল দুআর মধ্যে অত্যন্ত সংক্ষিপ্ত ও আবেগময় ভাষায় আল্লাহর কাছে চাওয়া হয়েছে। উল্লেখ্য যে, এ দুআগুলো এবং অন্যান্য সকল দুআ এবং কুরআন ও হাদীসের যে কোনো দুআ মুমিন সালাতের মধ্যে সাজদায়, সালাতের শেষ বৈঠকে সালামের আগে, সালামের পরে এবং সকল সময়ে পাঠ করতে পারেন।

দুআ নং ০১

اَللّٰهُمَّ أَعُوْذُ بِكَ مِنْ جَهْدِ الْبَلَاءِ وَدَرَكِ الشَّقَاءِ وَسُوْءِ الْقَضَاءِ وَشَمَاتَةِ الأَعْدَاءِ
আল্ল-হুম্মা, আ‘ঊযুবিকা মিন জাহ্‌দিল বালা-য়ি, ওয়া দারাকিশ শাক্বা-য়ি, ওয়া সূ-য়িল ক্বদ্বা-য়ি, ওয়া শামা-তাতিল আ’দা-য়ি।
হে আল্লাহ, আমি আপনার আশ্রয় নিচ্ছি কষ্টদায়ক বিপদ, গভীর দুর্ভাগ্য, খারাপ তাকদীর এবং শত্রুদের উপহাস থেকে।

দুআ নং ০২

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْهُدَى وَالتُّقَى وَالْعَفَافَ وَالْغِنَى
আল্ল-হুম্মা ইন্নী আস্আলুকাল হুদা- ওয়াত্ তুক্বা, ওয়াল ‘আফা-ফা ওয়াল ‘গিনা-
হে আল্লাহ, আমি চাচ্ছি আপনার কাছে হেদায়াত, তাকওয়া, সচ্ছলতা ও সংযম-শুদ্ধতা-শালীনতা।

দুআ নং ০৩

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجُنُونِ وَالْجُذَامِ وَمِنْ سَيِّئِ الأَسْقَامِ
আল্ল-হুম্মা ইন্নী আ‘ঊযুবিকা মিনাল বারাস্বি, ওয়াল জুনূনি, ওয়াল জুযা-মি, ওয়া মিন সাইয়্যিয়িল আসকা-ম।
হে আল্লাহ, আমি আপনার আশ্রয় গ্রহণ করছি শ্বেতী রোগ, পাগলামি-মানসিক রোগ, কুষ্ঠ রোগ এবং সকল খারাপ রোগব্যাধি থেকে।

দুআ নং ০৪

اَللّٰهُمَّ أَحْسِنْ عَاقِبَتَنَا فِي الْأُمُوْرِ كُلِّهَا ، وَأَجِرْنَا مِنْ خِزْيِ الدُّنْيَا وَعَذَابِ الْآخِرَةِ

আল্ল-হুম্মা আ'হ্সিন্ 'আ-ক্বিবাতানা- ফিল উমূরি কুল্লিহা-, ওয়া আজিরনা- মিন্ খিয্ইয়িদ্ দুনইয়া-, ওয়া 'আযা-বিল আ—খিরাহ

হে আল্লাহ, আপনি সুন্দর করুন আমাদের পরিণতি সকল কাজে এবং আমাদের রক্ষা করুন দুনিয়ার লাঞ্ছনা ও আখিরাতের আযাব থেকে।

দুআ নং ০৫

يَا مُقَلِّبَ الْقُلُوْبِ ثَبِّتْ قَلْبِيْ عَلَى دِيْنِكَ

ইয়া- মুক্বাল্লিবাল ক্বুলূব, ছাব্বিত ক্বলবী 'আলা- দীনিক্

হে অন্তরসমূহের পরিবর্তনকারী, সুপ্রতিষ্ঠিত-স্থির রাখুন আমার অন্তরকে আপনার দ্বীনের উপর।

দুআ নং ০৬

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ وَتَحَوُّلِ عَافِيَتِكَ وَفُجَاءَةِ نَقْمَتِكَ وَجَمِيْعِ سَخَطِكَ

আল্ল-হুম্মা ইন্নী আ‘ঊযুবিকা মিন ঝাওয়ালি নি’মাতিকা, ওয়া তাহ্বাও উলি ‘আ-ফিয়াতিকা, ওয়া ফুজা-আতি নাক্বমাতিকা, ওয়া জামী-ঈ’ সাখাতিক।

হে আল্লাহ, আমি আপনার আশ্রয় গ্রহণ করছি, আপনার দেওয়া নেয়ামতের বিলুপ্তি থেকে, আপনার দেওয়া শান্তি-সুস্থতার পরিবর্তন থেকে, আপনার হঠাৎ শাস্তি থেকে এবং আপনার সর্বপ্রকারের অসন্তুষ্টি থেকে।

দুআ নং ০৭

اَللّٰهُمَّ اجْعَلْ أَوْسَعَ رِزْقِكَ عَلَيَّ عِنْدَ كِبَرِ سِنِّيْ وَانْقِطَاعِ عُمُرِيْ

আল্ল-হুম্মাজ্‘আল আউসা‘আ রিঝ্ক্বিকা ‘আলাইয়া ‘ইনদা কিবারি সিন্নী- ওয়ান্ক্বিত্বা‘ঈ উমুরী-

হে আল্লাহ, আমার জন্য আপনার সবচেয়ে প্রশস্ত রিযিক আপনি আমাকে প্রদান করবেন আমার বার্ধক্যের সময় এবং জীবনের শেষ সময়ে।

দুআ নং ০৮

اَللّٰهُمَّ انْفَعْنِيْ بِمَا عَلَّمْتَنِيْ وَعَلِّمْنِيْ مَا يَنْفَعُنِيْ وَزِدْنِيْ عِلْمًا
আল্ল-হুম্মান্ ফা’নী- বিমা- ‘আল্লামতানী-, ওয়া ‘আল্লিমনী মা- ইয়ানফা‘উনী, ওয়া ঝিদনী ‘ইলমান।
হে আল্লাহ, আপনি আমাকে যা শিখিয়েছেন তদ্বারা আমাকে উপকৃত হওয়ার তাওফীক দিন, আমার উপকার করে এমন জ্ঞান আমাকে শিক্ষা দিন এবং আমার জ্ঞান বৃদ্ধি করুন।

দুআ নং ০৯

اَللّٰهُمَّ مَتِّعْنِيْ بِسَمْعِيْ وَبَصَرِيْ وَاجْعَلْهُمَا الْوَارِثَ مِنِّيْ، وَانْصُرْنِيْ عَلَى مَنْ ظَلَمَنِيْ وخُذْ مِنْهُ بِثَأْرِيْ
আল্ল-হুম্মা, মাততি’নী বিসাম‘ঈ, ওয়া বাস্বারী, ওয়াজ্ ‘আলহুমাল ওয়া-রিছা মিন্নী, ওয়াংনস্বুরনী ‘আলা- মান জ্বলামানী ওয়া খুয্ মিন্হু বিছারী-
হে আল্লাহ, আপনি আমার শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি অক্ষুণ্ণ রাখুন এবং উভয়কে আমার উত্তরাধিকারী বানিয়ে দিন (মৃত্যুর সময় এগুলোকে অক্ষুণ্ণ রেখে মরতে পারি)। আমার উপর অত্যাচারকারীর বিরুদ্ধে আমাকে সাহায্য করুন এবং তার থেকে আমার প্রতিশোধ গ্রহণ করুন।

দুআ নং ১০

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ يَوْمِ السُّوْءِ وَمِنْ لَيْلَةِ السُّوْءِ وَمِنْ سَاعَةِ السُّوْءِ وَمِنْ صَاحِبِ السُّوْءِ وَمِنْ جَارِ السُّوْءِ فِيْ دَارِ الْمُقَامَةِ

আল্ল-হুম্মা ইন্নী আ'ঊযুবিকা মিন ইয়াওমিস সূয়ি ওয়া মিন লাইলাতিস সূয়ি ও মিন সা-'আতিস সূয়ি, ওয়া মিন স্ব-হিবিস সূয়ি, ওয়া মিন জা-রিস সূয়ি ফী- দারিল মুক্বা-মাহ।

হে আল্লাহ, আমি আপনার আশ্রয় গ্রহণ করছি খারাপ দিন থেকে, খারাপ রাত থেকে, খারাপ মুহূর্ত থেকে, খারাপ সঙ্গী-সাথী থেকে এবং বসতবাড়ির খারাপ প্রতিবেশী থেকে।

দুআ নং ১১

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ وَالْجُبْنِ وَالْبُخْلِ وَالْهَرَمِ وَعَذَابِ الْقَبْرِ اَللّٰهُمَّ آتِ نَفْسِيْ تَقْوَاهَا وَزَكِّهَا أَنْتَ خَيْرُ مَنْ زَكَّاهَا أَنْتَ وَلِيُّهَا وَمَوْلَاهَا

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ عِلْمٍ لَا يَنْفَعُ وَمِنْ قَلْبٍ لَا يَخْشَعُ وَمِنْ نَفْسٍ لَا تَشْبَعُ وَمِنْ دَعْوَةٍ لَا يُسْتَجَابُ لَهَا

আল্ল-হুম্মা ইন্নী আ‘ঊযুবিকা মিনাল ‘আজযি ওয়াল কাসালি ওয়াল জুব্নি ওয়াল বুখ্লি, ওয়াল হারামি ওয়া ‘আযা-বিল ক্বরী। আল্লা-হুম্মা আ–তি নাফ্সি তাক্বওয়া-হা-, ওয়া যাক্কিহা- আংন্তা খইরু মান যাক্কা-হা-, আংন্তা ওয়ালি ইউহা- ওয়া মাওলা-হা-। আল্ল-হুম্মা, ইন্নী আ‘ঊযুবিকা মিন্ ‘ইলমিন লা- ইয়ানফা‘উ, ওয়ামিন ক্বলবিন্ লা- ইয়াখ্শা‘উ ওয়ামিন নাফ্সিন লা- তাশবা‘উ ওয়ামিন দা’ওয়াতিন লা- উস্তাজা-বু লাহা-।

হে আল্লাহ, আমি আপনার আশ্রয় গ্রহণ করছি, অক্ষমতা থেকে, আলসেমি থেকে, কাপুরুষতা থেকে, কৃপণতা থেকে, অতি-বার্ধক্য থেকে এবং কবরের আযাব থেকে। হে আল্লাহ, আমার নফসকে আপনি তার তাকওয়া প্রদান করুন এবং আপনি তাকে তাযকিয়া-পবিত্রতা দান করুন, নফসকে পবিত্রতা-তাযকিয়া প্রদানে আপনিই সর্বোত্তম, আপনিই আমার নফসের অভিভাবক ও বন্ধু। হে আল্লাহ, আমি আপনার আশ্রয় গ্রহণ করছি এমন জ্ঞান থেকে যে জ্ঞান উপকারে লাগে না, এমন হৃদয় (কলব) থেকে যে হৃদয় ভীত হয় না, এমন নফস থেকে যে নফস পরিতৃপ্ত হয় না এবং এমন দু‘আ থেকে যে দু‘আ কবুল হয় না।

দুআ নং ১২

اَللّٰهُمَّ ارْزُقْنِيْ حُبَّكَ وَحُبَّ مَنْ يَنْفَعُنِيْ حُبُّهُ عِنْدَكَ اَللّٰهُمَّ مَا رَزَقْتَنِيْ مِمَّا أُحِبُّ فَاجْعَلْهُ قُوَّةً لِيْ فِيْمَا تُحِبُّ اَللّٰهُمَّ وَمَا زَوَيْتَ عَنِّيْ مِمَّا أُحِبُّ فَاجْعَلْهُ فَرَاغًا لِيْ فِيْمَا تُحِبُّ

আল্ল-হুম্মার ঝুক্বনী- হ্বুব্বাকা ওয়া হ্বুব্বা মান ইয়ান্ফা'উনী- হ্বুব্বুহু 'ইনদাকা, আল্ল-হুম্মা মা- রঝাক্বতানী মিম্মা- উহ্বিব্বু ফাজ্'আলহু ক্বুওঁয়াতান্ লী ফীমা- তুহ্বিব্বু। আল্ল-হুম্মা, ওয়ামা- ঝাওয়াইতা 'আন্নী মিম্মা উহ্বিব্বু ফাজ'আল্হু ফারা-গন লী ফীমা- তুহ্বিব্বু।

হে আল্লাহ, আপনি আমাকে দান করুন আপনার প্রেম এবং যার প্রেম আপনার কাছে আমার উপকারে আসবে তার প্রেম। হে আল্লাহ, আমার যে কাঙ্খিত বিষয় আপনি আমাকে দান করেছেন আপনি তাকে আপনার প্রিয় বিষয় অর্জনের শক্তিতে রূপান্তরিত করুন। হে আল্লাহ, আর আমার যে কাঙ্খিত বিষয় থেকে আপনি আমাকে বঞ্চিত করেছেন তাকে আপনি আপনার প্রিয় বিষয় অর্জনের অবসরে রূপান্তরিত করুন।

দুআ নং ১৩

اَللّٰهُمَّ زِدْنَا وَلَا تَنْقُصْنَا وَأَكْرِمْنَا وَلَا تُهِنَّا وَأَعْطِنَا وَلَا تَحْرِمْنَا وَآثِرْنَا وَلَا تُؤْثِرْ عَلَيْنَا وَأَرْضِنَا وَارْضَ عَنَّا

আল্ল-হুম্মা, ঝিদনা- ওয়ালা- তান্‌ক্বুস্‌না- ওয়া আকরিমনা- ওয়ালা- তুহিন্না- ওয়া আ'অ্‌ত্বিনা- ওয়ালা- তা'হ্বরিমনা- ওয়া আ-সিরনা- ওয়ালা-তু ওয়াছির 'আলাইনা- ওয়া আরদ্বিনা- ওয়ারদ্বা 'আন্না-

হে আল্লাহ, আপনি আমাদেরকে বাড়িয়ে দিন, কমাবেন না, আপনি আমাদেরকে সম্মানিত করুন, অপমানিত করবেন না, আমাদেরকে প্রদান করুন, বঞ্চিত করবেন না, আমাদেরকে অগ্রাধিকার প্রদান করুন, আমাদের উপর কাউকে অগ্রাধিকার দিবেন না, আপনি আমাদেরকে সন্তুষ্ট করুন এবং আমাদের উপর আপনি সন্তুষ্ট হোন।

দুআ নং ১৪

اَللّٰهُمَّ احْفَظْنِيْ بِالْإِسْلَامِ قَائِمًا , وَاحْفَظْنِيْ بِالْإِسْلَامِ قَاعِدًا , وَاحْفَظْنِيْ بِالْإِسْلَامِ رَاقِدًا , وَلَا تُشْمِتْ بِيْ عَدُوًّا وَلَا حَاسِدًا , اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ مِنْ كُلِّ خَيْرٍ خَزَائِنُهُ بِيَدِكَ , وَأَعُوْذُ بِكَ مِنْ كُلِّ شَرٍ خَزَائِنُهُ بِيَدِكَ

আল্লা-হুম্মা‘হ্ফায্নী বিল্ ইসলা-মি ক্বা-য়িমান্ ওয়া‘হ্ফাযনী বিল্ ইসলা-মি ক্বা-‘য়িদান, ওয়া‘হ্ফাযনী বিল্ ইসলা-মি র-ক্বিদান, ওয়ালা-তুশমিত বী ‘আদুওয়ান্ ওয়ালা- হ্বা-সিদান। আল্ল-হুম্মা, ইন্নী আস্আলুকা মিন্ কুল্লি ‘খইরিন্ খাঝা-য়িনুহূ বিইয়াদিকা, ওয়া আ‘ঊযুবিকা মিন কুল্লি শারিন খাঝা-য়িনুহূ বিইয়াদিক

হে আল্লাহ, আমাকে হিফাযত করুন ইসলামের ওসিলায় দাঁড়ানো অবস্থায়, আমাকে হিফাযত করুন ইসলামের ওসিলায় বসা অবস্থায়, আমাকে হিফাযত করুন ইসলামের ওসিলায় শোয়া অবস্থায়। আমাকে আপনি এমন অবস্থায় ফেলবেন না যে শত্রুরা আমার দুরবস্থায় খুশি হয়। আমি আপনার নিকট চাচ্ছি সকল কল্যাণ যা আপনার ভাণ্ডারে বিদ্যমান এবং আমি আপনার আশ্রয় গ্রহণ করছি সকল অকল্যাণ থেকে যা আপনার ভাণ্ডারে বিদ্যমান।

দুআ নং ১৫

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ العَجْزِ والكَسَلِ والجُبْنِ
والبُخْلِ وَالْهَرَمِ وَالْقَسْوَةِ وَالْغَفْلَةِ وَالْعَيْلَةِ وَالذِّلَّةِ
وَالْمَسْكَنَةِ , وَأَعُوْذُ بِكَ مِنَ الْفَقْرِ وَالْكُفْرِ وَالْفُسُوْقِ
وَالشِّقَاقِ وَالنِّفَاقِ وَالسُّمْعَةِ وَالرِّيَاءِ , وَأَعُوْذُ بِكَ مِنَ

الصَّمَمِ وَالْبَكَمِ وَالْجُنُونِ وَالْجُذَامِ وَالْبَرَصِ وَسَيِّئِ الْأَسْقَامِ

আল্ল-হুম্মা, ইন্নী আ'ঊযুবিকা মিনাল 'আজঝি ওয়াল কাসালি ওয়াল জুব্নি ওয়াল বুখ্লি ওয়াল হারামি ওয়াল কাস্ওয়াতি ওয়াল গফলাতি ওয়াল 'আইলাতি ওয়ায্ যিল্লাতি ওয়াল মাসকানাতি ওয়া আ'ঊযুবিকা মিনাল ফাক্বরি ওয়াল কুফরি ওয়ল ফুসূক্বি ওয়াশ শিক্বা-ক্বি ওয়ান্ নিফা-ক্বি, ওয়াস সুম্'আতি ওয়ার রিইয়া-য়ি, ওয়া আ'ঊযুবিকা মিনাস্ব স্বমামি ওয়াল বাকামি ওয়াল জুনূনি ওয়াল জুযা-মি ওয়াল বারাস্বি ওয়া সাইয়্যিয়িল আসক্বা-ম।

হে আল্লাহ আমি আপনার আশ্রয় গ্রহণ করছি অক্ষমতা, আলস্য, কাপুরুষতা, কৃপণতা, বার্ধক্য-জরাগ্রস্ততা, রূঢ়তা-কঠোরতা, অসতর্কতা, হীনতা-নিঃস্বতা, লাঞ্ছনা ও অসহায়ত্ব থেকে এবং আমি আপনার আশ্রয় গ্রহণ করছি দারিদ্র, অবিশ্বাস, পাপাচার, বিচ্ছিন্নতা-অবাধ্যতা, মুনাফিকী, সুনামের লোভ এবং প্রদর্শনেচ্ছা থেকে এবং আমি আপনার আশ্রয় গ্রহণ করছি বধিরতা, বাকশক্তিহীনতা, পাগলামি-মানসিক অসুস্থতা, কুষ্ঠ, শ্বেতী এবং সকল খারাপ রোগব্যাধি থেকে।